

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রকল্প পরিচালকের কার্যালয়
জনস্বাস্থ্য সুরক্ষায় ভেটেরিনারি পাবলিক হেলথ সার্ভিস জোরদারকরণ প্রকল্প
প্রাণিসম্পদ অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা- ১২১৫।
vphspdsbd@gmail.com

স্মারক নং- - ৩৩.০১.০০০০.৮৩৪.০০৩.২০/২৩৩

তারিখ : ০৪/০৬/২০২০ খ্রিঃ

প্রাপক


উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা-----

বিষয় : ফিল্ড ফেসিলিটিটর এর কর্মপরিধি প্রসংগে।

উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় এর আওতাধীন প্রাণিসম্পদ অধিদপ্তরের তত্ত্বাবধানে বাস্তবায়নধীন "জনস্বাস্থ্য সুরক্ষায় ভেটেরিনারি পাবলিক হেলথ সার্ভিস জোরদারকরণ প্রকল্প" ডিপিপি সংস্থান অনুযায়ী ২৭টি জেলার ২০১টি উপজেলাতে কার্যক্রম চলমান রয়েছে। উপজেলা প্রশাসনের সহযোগিতায় উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তাগণ ২০১টি ফিল্ড ফেসিলিটিটর সফলতার সাথে নিয়োগ প্রক্রিয়া সম্পন্ন করেছেন। এ প্রকল্পের অধীনে চারটি জুনোটিক রোগ Anthrax, Brucellosis, Bovine Tuberculosis and Rabies পরীক্ষা, নিয়ন্ত্রণ ও প্রতিরোধ বিষয়ে ব্যবস্থা গ্রহণ করা হবে। এ সকল কার্যক্রমে উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তার তত্ত্বাবধানে ফিল্ড ফেসিলিটিটরগণ নিম্নোক্ত কার্যাদি সম্পন্ন করবে।

- ❖ **এ্যানথ্রাক্স (তড়কা) :** গবাদিপশুতে (গরু এবং মহিষ) তড়কা রোগের টিকা প্রদান সার্ভিলেঙ্গ কাজে সহায়তা, নমুনা সংগ্রহ, সংরক্ষণ ও পরিবহন কাজে দায়িত্ব পালন করবেন। নির্বাচিত উপজেলার ইউনিয়ন পর্যায়ে গবাদি পশুর (গরু ও মহিষ) প্রকৃত সংখ্যা, তথ্য প্রকল্প পরিচালকের দপ্তর হতে প্রস্তুতকৃত প্রশ্নপত্রের মাধ্যমে সংগ্রহ করা হবে। প্রতিটি গবাদি পশুকে ১ বছর অন্তর অন্তর এনথ্রাক্স রোগের ১ ডোজ টিকা প্রদান করতে হবে। ৬ মাস বয়সের নিচে গবাদিপশু এবং গর্ভবতী গাভীকে টিকা প্রদান থেকে বিরত থাকতে হবে। প্রকল্প হতে সরবরাহকৃত হেলথ কার্ডে গবাদিপশু সমূহের টিকা প্রদানের তথ্য, বয়স, জন্ম, মৃত, ক্রয়, বিক্রয়, জবাই, রোগ প্রবনতা বিগত চিকিৎসা ইত্যাদি সকল তথ্য সংরক্ষণ করে রাখতে হবে। কোন এলাকায় তড়কা মহামারী আকারে দেখা দিলে এমন এলাকা থেকে নমুনা সংগ্রহ করতে হবে।
- ❖ **বোভাইন টিউবারকুলোসিস(টিবি) :** নির্বাচিত প্রতিটি উপজেলাতে গবাদিপশুর জুনোটিক রোগ প্রাদুর্ভাবের বিষয়টি বিবেচনায় নিয়ে ক্ষুদ্র ও মাঝারী আকারের (সর্বনিম্ন ০৫টি গরু) খামার নির্বাচন করতে হবে। প্রতি উপজেলা থেকে প্রতি মাসে ৫টি খামার নির্বাচন করতে হবে এবং প্রতি খামার থেকে তিনটি করে অসুস্থতার অধিক বুকিসম্পন্ন প্রাপ্ত বয়স্ক গরু (যেমন যত্ন নেয়া সত্ত্বেও স্বাস্থ্য ভাল হয় না) কডাল ফোল্ড টিউবারকুলিন টেস্ট(সিএফটি) পরিচালনার জন্য নির্বাচন করতে হবে। এছাড়া উপজেলা পর্যায়ের জবাইখানা থেকে প্রতি মাসে সন্দেহজনক ০৫টি করে নমুনা ভেটেরিনারি পাবলিক হেলথ এন্ড মাইক্রোবায়োলজি ল্যাবে প্রেরণ করতে হবে।
- ❖ **ক্রসেলোসিস :** নির্বাচিত প্রতি উপজেলা থেকে প্রতিমাসে সর্বনিম্ন ৫টি গাভী বিশিষ্ট খামার নির্বাচন করতে হবে যেখানে গর্ভপাতের রেকর্ড বিদ্যমান আছে। প্রতি খামার থেকে ২টি করে গর্ভপাতের রেকর্ড বিশিষ্ট গাভীকে পরীক্ষার জন্য নির্বাচন করতে হবে। এভাবে প্রতিমাসে ১০টি গাভীকে ক্রসেলোসিস রোগ নির্ণয়ের জন্য রেপিড টেস্ট সম্পন্ন করা হবে। প্রাথমিকভাবে পরীক্ষাকৃত নমুনার পজিটিভ কেসগুলি ডায়াগনসিসের মাধ্যমে নিশ্চিত করনের জন্য ভেটেরিনারি পাবলিক হেলথ এন্ড মাইক্রোবায়োলজি ল্যাবরেটোরিতে প্রেরণ করতে হবে।
- ❖ **র্যাবিস :** র্যাবিস রোগের সার্ভিলেঙ্গ (নজরদারী) কার্যক্রম করতে হবে। র্যাবিস রোগে আক্রান্ত গবাদিপশুকে ক্ষতিপূরণ প্রদান সাপেক্ষে যথাযথ প্রক্রিয়ায় অবসারণের ব্যবস্থা করা হবে। এছাড়া র্যাবিস রোগ বিষয়ে জনসচেতনতার কাজ করতে হবে। উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা ও ভেটেরিনারি সার্জন এই সার্ভিলেঙ্গ কার্যক্রম তদারকী করবেন।

উপর্যুক্ত কার্যক্রম পরিচালনার জন্য ফিল্ড ফেসিলিটিটর কে এতদসংক্রান্ত প্রশিক্ষণ প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।


08.06.2020

(ডাঃ মোঃ আজিজুল ইসলাম)

প্রকল্প পরিচালক

জনস্বাস্থ্য সুরক্ষায় ভেটেরিনারি পাবলিক হেলথ

সার্ভিস জোরদারকরণ প্রকল্প

প্রাণিসম্পদ অধিদপ্তর, ফার্মগেট, ঢাকা।

অবগতির জন্য অনুলিপি:

- ১। পরিচালক, সম্প্রসারণ, প্রাণিসম্পদ অধিদপ্তর, ফার্মগেট, ঢাকা।
- ২। পরিচালক, গবেষণা, প্রশিক্ষণ ও মূল্যায়ন, প্রাণিসম্পদ গবেষণা প্রতিষ্ঠান, মহাখালী, ঢাকা।
- ৩। পি.এস. ও ভেটেরিনারি পরিচালক হেলথ, এল আর আই, মহাখালী, ঢাকা।